

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় : মক্কার পবিত্র ও ঐতিহাসিক স্থানসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

আবু কুবাইস ও আজইয়াদ পাহাড়

আয়তনে খুব একটা বড় না হলেও আবৃ কুবাইস মক্কার অন্যতম প্রসিদ্ধ পাহাড়। এ পাহাড়িট শি'আবে আবী তালেব ও 'আজইয়াদের মধ্যখানে অবস্থিত। বর্তমানে এর উপর বাদশার বাড়ী রয়েছে। আজইয়াদ হচ্ছে মক্কার উল্লেখযোগ্য পাহাড়। এটি মক্কার শক্তমাটির পাহাড়দ্বয়ের একটি। শক্ত মাটির অপরটি হলো, কু'আইকি'আন পাহাড়। এ দুই পাহাড়ের বিষয়ে হাদীসে রয়েছে- (আল্লাহ) বলেন, 'হে মুহাম্মদ, আপনি চাইলে আমি তাদেরকে (কাফেরদেরকে) এই পাহাড়দ্বয়ের মাঝে চাপা দেব। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, না বরং আমি আশা করি তাদের বংশধরদের মধ্য থেকে এমন লোক জন্ম নেবে যারা এক আল্লাহর ইবাদত করবে।[1]

ফুটনোট

[1]. বুখারী : ৩২৩১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7472

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন